BASIC Bank Limited
(Bangladesh Small Industries and Commerce Bank Limited)
**Human Resources Division**
**Head Office**

বেসিক ব্যাংক লিমিটেড
(বাংলাদেশ স্মল ইন্ডাস্ট্রিজ এন্ড কমার্স ব্যাংক লিমিটেড)

সূত্র নং- ৫৩.০৯.০০০০.৮১৮.১৬.০০১.২২.৯২৪৫
তারিখ : এপ্রিল ০৫, ২০২২

জনাব মৃত্যুঞ্জয় সাহা
যুগ্ম-সচিব ও এনআইএস ফোকাল পয়েন্ট
অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
বাণিজ্যিক ব্যাংক শাখা
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ব্যাংকের কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি অবহিতকরণ প্রসংগে।

প্রিয় মহোদয়,

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ব্যাংকের জানুয়ারী-মার্চ, ২০২২ প্রান্তিকের কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এতদসংগে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

দেবাশীষ কর্মকার
মানব সম্পদ বিভাগ ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
নৈতিকতা কমিটি
ফোনঃ ৯৫৫৬৪০৫

সংযুক্তিঃ ১) জানুয়ারী-মার্চ, ২০২২ প্রান্তিকের অগ্রগতি প্রতিবেদন।
২) CMMS প্রতিবেদন।
৩) নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

# বেসিক ব্যাংক লিমিটেড
## প্রধান কার্যালয়, ঢাকা।

### শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০২১ – ২০২২

(জানুয়ারী - মার্চ, ২০২২ প্রান্তিকের অগ্রগতি প্রতিবেদন)

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২১-২০২২ | | | | | | অর্জিত মান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| **১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা......................................২২** | | | | | | | | | | | | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | সভা আয়োজিত | ৪ | সংখ্যা | ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | | | জানুয়ারী-মার্চ, ২০২২ প্রান্তিকে ব্যাংকের প্রধান কার্যালয়ে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। |
| | | | | | | অর্জন | ১ | ১ | ১ | | | | |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্ত | ৬ | % | নৈতিকতা কমিটি প্রধান কার্যালয় | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত ক্রমান্বয়ে বাস্তবায়ন করা হচ্ছে। |
| | | | | | | অর্জন | ১০০% | ১০০% | ১০০% | | | | |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | অনুষ্ঠিত সভা | ২ | সংখ্যা | ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, প্রধান কার্যালয়। | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | | | অংশীজনের অংশগ্রহণে সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করা হচ্ছে। |
| | | | | | | অর্জন | ১ | ১ | ১ | | | | |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণ আয়োজিত | ২ | সংখ্যা | ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, বেসিক ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট | ৪ | লক্ষ্যমাত্রা | ৫০ | ৫০ | ৭৫ | ৭৫ | | | জানুয়ারী-মার্চ, ২০২২ প্রান্তিকে ব্যাংকের প্রশিক্ষণ ইন্সটিটিউটে মোট ১৪৪ জন বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তন্মধ্যে ২৪.০২.২০২২ তারিখে 'ওয়ান স্টপ সার্ভিস' কোর্সের মাধ্যমে ৭২ জন এবং ০৭.০৩.২০২২ তারিখে 'গ্রাহক সেবা প্রদানের প্রতিশ্রুতি এবং ব্যাংকের গ্রাহক কর্তৃক প্রেরিত অভিযোগ প্রতিকার ব্যবস্থা (Bangladesh Bank)' কোর্সের মাধ্যমে ৭২ জনসহ মোট ১৪৪ জন বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাকে শুদ্ধাচার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। |
| | | | | | | অর্জন | ৯৬ | ৭৫ | ১৪৪ | | | | |

BASIC Bank Limited HRD Head Office, Dhaka

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২১-২০২২ | | | | | | অর্জিত মান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন | উন্নত কর্ম-পরিবেশ | ২ | সংখ্যা ও তারিখ | ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, প্রধান কার্যালয়। | ৭২ | লক্ষ্যমাত্রা | ১৮ | ১৮ | ১৮ | ১৮ | | | বেসিক ব্যাংকের লিঃ এর প্রধান কার্যালয়সহ সকল শাখায় কর্ম-পরিবেশ উন্নয়ন (১। পুরনো কম্পিউটার/ ইলেকট্রনিক্স সামগ্রী বিনিষ্টকরণ, ২। পুরনো আসবাবপত্র অপসারন ও ৩। কাজের জায়গায় পর্যাপ্ত গাছের ব্যবস্থাকরণ।) কার্যক্রম চলমান রয়েছে। |
| | | | | | | অর্জন | ১৮ | ১৮ | ১৮ | | | | |
| ১.৬ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | কর্ম-পরিকল্পনা ও ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত ও আপলোডকৃত | ১ | তারিখ | ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, প্রধান কার্যালয় ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | ১৫.১০.২১<br>১৫.০১.২২<br>১৫.০৪.২২<br>১৫.০৭.২২ | লক্ষ্যমাত্রা | ১৫.১০.২১ | ১৫.০১.২২ | ১৫.০৪.২২ | ১৫.০৭.২২ | | | কর্মপরিকল্পনা প্রণয়ন করে মন্ত্রণালয়ে দাখিল করা হয়েছে। একইসাথে, ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল ও ওয়েবসাইটে আপলোড করা হয়। |
| | | | | | | অর্জন | ১৫.১০.২১ | ১৫.০১.২২ | ১৫.০৪.২২ | | | | |
| ১.৭ আওতাধীন আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | ফিডব্যাক সভা/কর্মশালা অনুষ্ঠিত | ৪ | তারিখ | নৈতিকতা কমিটি, প্রধান কার্যালয় | ৩০.০৯.২১<br>৩১.১২.২১<br>৩১.০৩.২২<br>৩০.০৬.২২ | লক্ষ্যমাত্রা | ৩০.০৯.২১ | ৩১.১২.২১ | ৩১.০৩.২২ | ৩০.০৬.২২ | | | নিয়মিতভাবে মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক ফিডব্যাক দাখিল করা হয়। |
| | | | | | | অর্জন | ৩০.০৯.২১ | ৩১.১২.২১ | ৩১.০৩.২২ | | | | |
| ১.৮ শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | প্রদত্ত পুরস্কার | ১ | তারিখ | ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, প্রধান কার্যালয় ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | ৩১.০৩.২০২২ | লক্ষ্যমাত্রা | - | - | ৩১.০৩.২২ | | | | শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা অনুসারে শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে যথোপযুক্ত প্রার্থী যাচাই-বাছাইয়ের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। |
| | | | | | | অর্জন | - | - | - | | | | |



BASIC Bank Limited HRD Head Office, Dhaka

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২১-২০২২ | | | | | | অর্জিত মান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| **২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন ..........................................................................৮** | | | | | | | | | | | | | |
| ২.১ ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত | ২ | তারিখ | ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, প্রধান কার্যালয় ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | | লক্ষ্যমাত্রা | | | | | | | ব্যাংকের জন্য প্রযোজ্য নয়। |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ২.২ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | সভা আয়োজিত | ২ | সংখ্যা | ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, প্রধান কার্যালয় | | লক্ষ্যমাত্রা | | | | | | | ব্যাংকের জন্য প্রযোজ্য নয়। |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | ২ | % | ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, প্রধান কার্যালয় | | লক্ষ্যমাত্রা | | | | | | | ব্যাংকের জন্য প্রযোজ্য নয়। |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ২.৪ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তরিত | ২ | তারিখ | ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, প্রধান কার্যালয় | | লক্ষ্যমাত্রা | | | | | | | ব্যাংকের জন্য প্রযোজ্য নয়। |
| | | | | | | অর্জন | | | | | | | |
| **৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম.................২০** (অগ্রাধিকার ভিত্তিতে ন্যূনতম পাঁচটি কার্যক্রম) | | | | | | | | | | | | | |
| ৩.১ CMMS বাস্তবায়ন | | ৪ | | ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, প্রধান কার্যালয় | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | ব্যাংকের প্রধান কার্যালয় হতে CMMS সম্পর্কিত কার্যাদি সম্পন্ন করা হয়ে থাকে। |
| | | | | | | অর্জন | ১০০% | ১০০% | ১০০% | | | | |
| ৩.২ স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন | | ৪ | | ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, প্রধান কার্যালয় | জানুয়ারী, ২০১৯ | লক্ষ্যমাত্রা | এপ্রিল, ২০২১ | - | - | | | | সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) ২০১৬ সালের জুন মাসে প্রথম প্রণয়ণ করা হয়েছে। সর্বশেষ এপ্রিল, ২০২১ এ তা হালনাগাদ করা হয়। সে অনুসারে ব্যাংকের প্রধান কার্যালয়সহ সকল শাখা থেকে সেবা প্রদান প্রতিশ্রুতিতে বর্ণিত সময়সীমার মধ্যে গ্রাহকদেরকে সেবা প্রদান করা হয়। |
| | | | | | | অর্জন | এপ্রিল, ২০২১ | - | - | | | | |



BASIC Bank Limited HRD Head Office, Dhaka

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২১-২০২২ | | | | | | অর্জিত মান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ৩.৩ এসএমএস ব্যাংকিং ব্যবস্থা বাস্তবায়ন | | ৪ | | ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, প্রধান কার্যালয় | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | বেসিক ব্যাংকে এসএমএস ব্যাংকিং ব্যবস্থা চলমান রয়েছে। |
| | | | | | | অর্জন | ১০০% | ১০০% | ১০০% | | | | |
| ৩.৪ শুদ্ধাচার বিষয়ক লিফলেট/ স্টিকার তৈরিকরণ | | ৪ | | ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ও শাখা সমূহ | ২০০০ | লক্ষ্যমাত্রা | ৫০০ | ৫০০ | ৫০০ | ৫০০ | | | জানুয়ারী-মার্চ, ২০২২ প্রান্তিকে ৫০০ শুদ্ধাচার বিষয়ক লিফলেট তৈরি ও বিলি করা হয়েছে। |
| | | | | | | অর্জন | ৫০০ | ৫০০ | ৫০০ | | | | |
| ৩.৫ শুদ্ধাচার বিষয়ক ফেস্টুন/ব্যানার প্রদর্শন | | ৪ | | ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, প্রধান কার্যালয় | ১০০% | লক্ষ্যমাত্রা | ১৮ | ১৮ | ১৮ | ১৮ | | | জানুয়ারী-মার্চ, ২০২২ প্রান্তিকে শুদ্ধাচার বিষয়ক ফেস্টুন/ব্যানার প্রদর্শন করা হয়েছে। |
| | | | | | | অর্জন | ১৮ | ১৮ | ১৮ | | | | |

স্বাক্ষরঃ
ফোকাল পয়েন্ট কর্মকর্তা, নৈতিকতা কমিটি

BASIC Bank Limited
HRD
Head Office, Dhaka

স্বাক্ষরঃ
সভাপতি, নৈতিকতা কমিটি

স্মারক নং- ৫৩.০৯.০০০০.৮১৮.২২.০০০.২২.৭৭৬
তারিখঃ মার্চ ০২, ২০২২

প্রতিঃ সকল সার্কেল/শাখা/বিভাগ/ইউনিট/সেল/দপ্তর প্রধান, বেসিক ব্যাংক লিমিটেড।

**বিষয়ঃ ব্যাংকের নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীদের-কে ২০২১ সাল ভিত্তিক শুদ্ধাচারের পুরস্কার প্রদান প্রসঙ্গে।**

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক আগস্ট ০৮, ২০১৮ তারিখের বিআরপিডি সার্কুলার নং-০৮ এর মাধ্যমে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার অংশ হিসেবে ব্যাংকসমূহের কর্মকর্তা/কর্মচারীদের পুরস্কার প্রদানের উদ্দেশ্যে 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা' প্রণয়ন করেছে। উক্ত নীতিমালায় ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার চর্চার নিমিত্ত প্রতি খ্রিস্টীয় পঞ্জিকা বর্ষে পুরস্কার প্রদানের নির্দেশনা প্রদান করা হয়েছে।

বাংলাদেশ ব্যাংকের উক্ত নীতিমালা অনুসরণ করে ব্যাংকের নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীদের ভালো কাজের মূল্যায়ন করার জন্য ব্যাংক ব্যবস্থাপনা ২০২১ সালের জন্য ব্যাংকের নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীদের-কে বিভিন্ন ক্যাটাগরিতে পুরস্কার প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২। পুরস্কার প্রদানের ক্ষেত্র সমূহঃ

শুদ্ধাচার চর্চার জন্য ব্যাংকের নিম্নোক্ত ক্ষেত্রসমূহ বিবেচনা করা হবেঃ

২(ক) ব্যাংকের প্রধান নির্বাহী হতে পরবর্তী নিম্নতর দুই ধাপের কর্মকর্তাগণ;
২(খ) ব্যাংকের চতুর্থ ধাপের কর্মকর্তা হতে ষষ্ঠ ধাপের কর্মকর্তাগণ;
২(গ) ব্যাংকের সপ্তম ধাপের কর্মকর্তা হতে পরবর্তী নিম্নতর ধাপসমূহের কর্মকর্তাগণ;
২(ঘ) ব্যাংকের শাখা ব্যবস্থাপকবৃন্দ (শাখা ব্যবস্থাপকগণ অন্য কোন ক্ষেত্রে পুরস্কারের জন্য বিবেচিত হবেন না);
২(ঙ) ব্যাংকের কর্মচারীবৃন্দ।

৩। পুরস্কার প্রাপ্তির যোগ্যতা নির্ধারণঃ

বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা' অনুযায়ী পুরস্কার প্রাপ্তির জন্য নিম্নোক্ত যোগ্যতা বিবেচনা করা হবেঃ

- বিবেচ্য কর্মকর্তা/কর্মচারীকে ন্যূনতম ৩ (তিন) বছর সংশ্লিষ্ট ব্যাংকে চাকুরী করতে হবে।
- অনুচ্ছেদ-৫ এ বর্ণিত মূল্যায়ন পদ্ধতির আওতায় কোন কর্মকর্তা/কর্মচারীর গুণাবলীর সূচকের বিপরীতে প্রাপ্ত সর্বমোট নম্বরের ভিত্তিতে সেরা কর্মকর্তা/কর্মচারী হিসাবে নির্বাচন করতে হবে।
- গুণাবলীর সূচকের বিপরীতে কোন কর্মকর্তা/কর্মচারীর মোট প্রাপ্ত নম্বর ন্যূনতম ৮০ না হলে তিনি শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।
- গুণাবলীর সূচকের বিপরীতে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেন।
- মূল্যায়নের পর একাধিক কর্মকর্তা/কর্মচারী একই নম্বর পেলে লটারির ভিত্তিতে সেরা কর্মকর্তা/কর্মচারী নির্বাচন করতে হবে।
- কোন কর্মকর্তা/কর্মচারী যে কোন খ্রিস্টীয় পঞ্জিকা বর্ষে একবার শুদ্ধাচার পুরস্কার পেলে তিনি পরবর্তী ৩ (তিন) খ্রিস্টীয় পঞ্জিকা বর্ষে পুনরায় পুরস্কার পাওয়ার জন্য বিবেচিত হবেন না।

৪। পুরস্কারের মানঃ

**পুরস্কারের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত কর্মকর্তা/কর্মচারীদেরকে পুরস্কার হিসেবে প্রত্যেককে একটি করে সার্টিফিকেট এবং এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করা হবে।**



"শুদ্ধাচার ও শিষ্টাচার, সভ্য জাতির অহংকার"

Sena Kalyan Bhaban (6th Floor), 195, Motijheel, C/A, Dhaka-1000, Bangladesh, **Phone:** +88-02-223359185-86, 9568190, 9564830, 9556616
**Direct:** +88-02-9556405, **SWIFT:** BKSIBDDH, **E-mail:** basichrd@basicbanklimited.com, **Website:** www.basicbanklimited.com

বিষয়ঃ ব্যাংকের নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীদের-কে ২০২১ সাল ভিত্তিক শুদ্ধাচারের পুরস্কার প্রদান প্রসঙ্গে।

৫। মূল্যায়ন পদ্ধতিঃ

বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা'-য় বর্ণিত সূচক (Indicator)-এর ভিত্তিতে এ পুরস্কার প্রদানের জন্য কর্মকর্তা/কর্মচারী নির্বাচন করা হবে এবং পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করার ক্ষেত্রে শুদ্ধাচার চর্চার জন্য পরিপত্রে উল্লিখিত নির্ধারিত ২০টি সূচকে মোট ১০০ নম্বর বিবেচনা করা হবে।

বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা' এর আলোকে বেসিক ব্যাংক লিমিটেড এর কর্মকর্তা/কর্মচারীদের জন্য ২০২১ সাল ভিত্তিক শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত নিম্নোক্ত গুণাবলী সমূহের সূচকের ভিত্তিতে এ পুরস্কার প্রদান করা হবেঃ

শুদ্ধাচার পুরস্কারের সূচকসমূহ (Indicators):-

| ক্রম | সূচক | নম্বর |
|---|---|---|
| ১। | পেশাগত জ্ঞান ও দক্ষতা | ৫ |
| ২। | সততার নিদর্শন | ৫ |
| ৩। | নির্ভরযোগ্যতা ও কর্তব্যনিষ্ঠা | ৫ |
| ৪। | শৃঙ্খলাবোধ | ৫ |
| ৫। | সহকর্মীদের সঙ্গে আচরণ | ৫ |
| ৬। | সেবা গ্রহীতার সঙ্গে আচরণ | ৫ |
| ৭। | প্রতিষ্ঠানের বিধি-বিধানের প্রতি শ্রদ্ধাশীলতা | ৫ |
| ৮। | সমন্বয় ও নেতৃত্ব দানের ক্ষমতা | ৫ |
| ৯। | তথ্য প্রযুক্তি ব্যবহারে পারদর্শিতা | ৫ |
| ১০। | পেশাগত, স্বাস্থ্য ও পরিবেশ বিষয়ক নিরাপত্তা সচেতনতা | ৫ |
| ১১। | প্রতিষ্ঠানের প্রতি অঙ্গীকার | ৫ |
| ১২। | উদ্ভাবন ও সৃজনশীলতা চর্চা | ৫ |
| ১৩। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে তৎপরতা | ৫ |
| ১৪। | সোস্যাল মিডিয়া (সামাজিক গণমাধ্যম) ব্যবহার | ৫ |
| ১৫। | তথ্যের গোপনীয়তা রক্ষা | ৫ |
| ১৬। | উপস্থাপন দক্ষতা | ৫ |
| ১৭ | প্রতিষ্ঠানের আধুনিকায়নে আগ্রহ | ৫ |
| ১৮। | অভিযোগ প্রতিকারে সহযোগীতা | ৫ |
| ১৯। | সংশ্লিষ্ট আইন ও বিধানাবলী সম্পর্কে আগ্রহ ও পরিপালনে দক্ষতা | ৫ |
| ২০। | কর্তৃপক্ষ কর্তৃক ধার্যকৃত অন্যান্য কার্যক্রম | ৫ |
| | মোট | ১০০ |

৬। শুদ্ধাচার চর্চার পুরস্কার প্রদানের জন্য বাছাই কমিটি গঠনঃ

২(ক) এ উল্লিখিত নির্বাহীগণ (ব্যাংকের প্রধান নির্বাহী হতে পরবর্তী নিম্নতর দুই ধাপের কর্মকর্তাগণ) –এর মধ্য হতে পুরস্কার প্রদানের জন্য ব্যাংকের চেয়ারম্যানের নেতৃত্বে পরিচালনা পর্ষদের অপর দুইজন সদস্য সমন্বয়ে বাছাই কমিটি গঠিত হবে। উক্ত বাছাই কমিটি একজন কর্মকর্তা নির্বাচন করবেন।

২(ক) এ উল্লিখিত কর্মকর্তাগণ ব্যতিরেকে অন্যান্য কর্মকর্তা/কর্মচারীগণের মধ্য হতে পুরস্কার প্রদানের জন্য ব্যাংকের প্রধান নির্বাহীর নেতৃত্বে মানব সম্পদ বিভাগের প্রধান কর্মকর্তার সমন্বয়ে গঠিত বাছাই কমিটি গঠিত হবে। উক্ত বাছাই কমিটি

বিষয়ঃ ব্যাংকের নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীদের-কে ২০২১ সাল ভিত্তিক শুদ্ধাচারের পুরস্কার প্রদান প্রসঙ্গে।

প্রতিটি ক্ষেত্রে একজন কর্মকর্তা নির্বাচন করবেন। বাছাই কমিটি প্রযোজ্য ক্ষেত্রে ব্যাংকের সংশ্লিষ্ট সার্কেল অফিসের প্রধানের মতামত গ্রহণ করবে।

বাছাই কমিটি কর্তৃক নির্বাচিত কর্মকর্তা/কর্মচারীদের পুরস্কার প্রদানের পূর্বে ব্যাংকের পরিচালনা পর্ষদের অনুমোদন গ্রহণ করতে হবে।

৭। নির্দেশনাঃ

৭(ক) সংযুক্ত ফরম্যাট মোতাবেক সার্কেল/শাখা/বিভাগ/ইউনিট/অফিস/সেল হতে মূল্যায়ন প্রতিবেদন আহ্বান করা হলো।

৭(খ) কর্মকর্তা/কর্মচারীদেরকে তাঁর নিয়ন্ত্রণকারী নির্বাহী/কর্মকর্তা মূল্যায়ন করবেন, যেমনঃ শাখার কর্মকর্তা/কর্মচারীদেরকে সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক মূল্যায়ন করবেন, সার্কেল/বিভাগ/ইউনিট/অফিস/সেল এর কর্মকর্তা/কর্মচারীদেরকে সার্কেল/বিভাগ/ইউনিট/অফিস/সেল এর সংশ্লিষ্ট প্রধানগণ মূল্যায়ন করবেন, শাখা ব্যবস্থাপকগণকে সংশ্লিষ্ট সার্কেল প্রধানগণ মূল্যায়ন করবেন, সার্কেল/বিভাগ/ইউনিট/অফিস/সেল প্রধানগণকে সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক/উপব্যবস্থাপনা পরিচালক মূল্যায়ন করবেন।

৭(গ) ৩১/১২/২০২১ তারিখের পদায়নের ভিত্তিতে মূল্যায়ন প্রতিবেদন সম্পন্ন করতে হবে।

৭(ঘ) ৩১/০৩/২০২২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট সকলকে মানব সম্পদ বিভাগের নিকট মূল্যায়ন প্রতিবেদন আবশ্যিকভাবে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোঃ ইছমাইল
মহাব্যবস্থাপক

মোঃ আঃ রহিম
উপব্যবস্থাপনা পরিচালক

<u>সদয় অবগতির জন্য অনুলিপিঃ</u>

(১) একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
(২) একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও, বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
(৩) সকল উপব্যবস্থাপনা পরিচালক, বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
(৪) সকল মহাব্যবস্থাপক, বেসিক ব্যাংক লিমিটেড, ঢাকা।

**বেসিক ব্যাংক লিমিটেড**

শুদ্ধাচার পুরস্কারের জন্য মূল্যায়ন প্রতিবেদন

২০২১ সাল ভিত্তিক

| | | | |
|---|---|---|---|
| কর্মকর্তা/কর্মচারীর নাম: | | আইডি: | |
| পদবি: | | কর্মস্থল: | |

বেসিক ব্যাংক লিমিটেড কর্তৃক জারিকৃত শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ক পরিপত্রের প্রেক্ষিতে উল্লিখিত কর্মকর্তা/কর্মচারীর ২০২১ সাল ভিত্তিক শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত নিম্নোক্ত গুনাবলী সমূহের সূচকের বিপরীতে মূল্যায়ন করা হলোঃ

ছকঃ শুদ্ধাচার পুরস্কারের সূচকসমূহ (Indicators)

| ক্রম | সূচক | নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|
| ১। | পেশাগত জ্ঞান ও দক্ষতা | ৫ | |
| ২। | সততার নিদর্শন | ৫ | |
| ৩। | নির্ভরযোগ্যতা ও কর্তব্যনিষ্ঠা | ৫ | |
| ৪। | শৃঙ্খলাবোধ | ৫ | |
| ৫। | সহকর্মীদের সঙ্গে আচরণ | ৫ | |
| ৬। | সেবা গ্রহীতার সঙ্গে আচরণ | ৫ | |
| ৭। | প্রতিষ্ঠানের বিধি-বিধানের প্রতি শ্রদ্ধাশীলতা | ৫ | |
| ৮। | সমন্বয় ও নেতৃত্ব দানের ক্ষমতা | ৫ | |
| ৯। | তথ্য প্রযুক্তি ব্যবহারে পারদর্শিতা | ৫ | |
| ১০। | পেশাগত, স্বাস্থ্য ও পরিবেশ বিষয়ক নিরাপত্তা সচেতনতা | ৫ | |
| ১১। | প্রতিষ্ঠানের প্রতি অঙ্গীকার | ৫ | |
| ১২। | উদ্ভাবন ও সৃজনশীলতা চর্চা | ৫ | |
| ১৩। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে তৎপরতা | ৫ | |
| ১৪। | সোস্যাল মিডিয়া (সামাজিক গণমাধ্যম) ব্যবহার | ৫ | |
| ১৫। | তথ্যের গোপনীয়তা রক্ষা | ৫ | |
| ১৬। | উপস্থাপন দক্ষতা | ৫ | |
| ১৭ | প্রতিষ্ঠানের আধুনিকায়নে আগ্রহ | ৫ | |
| ১৮। | অভিযোগ প্রতিকারে সহযোগীতা | ৫ | |
| ১৯। | সংশ্লিষ্ট আইন ও বিধানাবলী সম্পর্কে আগ্রহ ও পরিপালনে দক্ষতা | ৫ | |
| ২০। | কর্তৃপক্ষ কর্তৃক ধার্যকৃত অন্যান্য কার্যক্রম | ৫ | |
| | মোট প্রাপ্ত নম্বর | ১০০ | |

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, দাখিলকৃত মুল্যায়ন প্রতিবেদনটি নিরপেক্ষভাবে প্রস্তুত করা হয়েছে এবং আমার জ্ঞান ও বিশ্বাস মতে সঠিক ও নির্ভুল।

মূল্যায়নকারী কর্মকর্তার স্বাক্ষর
ও নামসহ সীল

পদবিঃ................................

আইডি নম্বরঃ.......................

কর্মস্থলঃ..............................

তারিখঃ...............................

BASIC Bank Limited
HRD
Head Office, Dhaka

**STATEMENT OF THE EMPLOYEES PLACED UNDER DISCIPLINARY ACTION**
**(DISMISSED/REMOVED/RETIRED COMPOLSORILY/SELF -RETIREMENT/ RESIGNED)**
**FOR THE MONTH OF JANUARY - MARCH 2022**

| | | | |
|---|---|---|---|
| | **A. EMPLOYEE DETAILS** | | |
| 1 | NAME OF THE ACCUED OFFICIAL (IN BLOCK LETTER) | : | |
| 2 | DATE OF JOINING | : | |
| 3 | PRESENT DESIGNATION | : | |
| 4 | EMPLOYEE ID NO | : | |
| 5 | DATE OF BIRTH | : | |
| 6 | FATHER'S NAME | : | **NIL** |
| 7 | MOTHER'S NAME | : | |
| 8 | **NATIONAL I.D**/PASSPORT NO. | : | |
| 9 | PRESENT ADDRESS | : | |
| 10 | PERMANENT ADDRESS | : | |
| | **B. PUNISHMENT DETAILS** | | |
| 11 | DETAILS OF ERROR/MISTAKE/VIOLATION | : | |
| 12 | DETECTED BY(BANK/BB TEAM/OTHERS) | : | |
| 13 | DETAILS OF ACTION TAKEN(BOTH EMPLOYER & EMPLOYEE) | : | |
| 14 | ACTION DATE | : | |
| 15 | ACTION DURATION | : | |
| 16 | CLAUSE OF ACTION | : | |
| 17 | STAFF/OFFICE ORDER NO | : | |
| 18 | STAFF/OFFICE ORDER DATE | : | |
| | **C. PUNISHMENT WITHDRAWL/REDUCTION DETAILS** | | |
| 19 | PUNISHMENT WITHDRAWAL/REDUCTION ORDER | : | |
| 20 | PUNISHMENT WITHDRAWL/ REDUCTION DATE | : | |
| 21 | REVISED ACTION | : | |
| 22 | REVISION AUTHORITY | : | |

BASIC Bank Limited ★ HRD ★ Head Office, Dhaka

বেসিক ব্যাংক লিমিটেড
মানব সম্পদ বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা।

তারিখঃ জানুয়ারী ২৩, ২০২২

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নকল্পে বেসিক ব্যাংক লিমিটেড এর জানুয়ারী-মার্চ, ২০২২ প্রান্তিকের 'নৈতিকতা কমিটি'র সভার কার্যবিবরণী।

বেসিক ব্যাংক লিমিটেড এর জানুয়ারী-মার্চ, ২০২২ প্রান্তিকের 'নৈতিকতা কমিটি'র সভা ২৩/০১/২০২২ তারিখ বিকাল ৪.০০ টায় প্রধান কার্যালয়ের ৬ষ্ঠ তলায় 'নৈতিকতা কমিটি'র সভাপতি জনাব মোঃ আনিসুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নবর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেনঃ

| ক্রমিক নং | নাম | পদবী | দায়িত্ব |
|---|---|---|---|
| ১ | জনাব নিরঞ্জন চন্দ্র দেবনাথ | উপব্যবস্থাপনা পরিচালক-১ | সদস্য |
| ২ | জনাব মোঃ আঃ রহিম | উপব্যবস্থাপনা পরিচালক-২ | সদস্য |
| ৩ | জনাব খান ইকবাল হাসান | মহাব্যবস্থাপক | সদস্য |
| ৪ | জনাব দেবাশীষ কর্মকার | উপ-মহাব্যবস্থাপক | সদস্য সচিব |

বেসিক ব্যাংক লিমিটেড এ গঠিত 'নৈতিকতা কমিটি'র সভাপতি জনাব মোঃ আনিসুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও সবাইকে স্বাগত জানিয়ে অক্টোবর ৩১, ২০২১ তারিখে অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখার উপ সচিব মোঃ গোলাম মোস্তফা এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আলোচ্য বিষয়ের উপর সুচিন্তিত বক্তব্য উপস্থাপন করার পাশাপাশি বিগত ডিসেম্বর ২৯, ২০২১ তারিখে বাংলাদেশ ব্যাংকের মহাব্যবস্থাপক জনাব এ, এফ, এম শাহীনুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ক নৈতিকতা কমিটির সভার আলোচ্য বিষয়ের উপর সুচিন্তিত বক্তব্য উপস্থাপন করেন। সভায় উপস্থিত সকলে আলোচনায় অংশগ্রহণ করেন। উক্ত সভাগুলোর আলোকে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

ক) ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে নামবিহীন/উড়ো চিঠির মাধ্যমে অভিযোগ প্রেরণ করে অহেতুক ব্যবস্থাপনার সময় অপচয় করার বিষয়ে ২৩ নভেম্বর, ২০২১ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের অডিট কমিটির ৯৪-তম সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

"নামবিহীন/উড়ো চিঠির মাধ্যমে উত্থাপিত অভিযোগ বিবেচনাযোগ্য না হওয়া সমীচীন। ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারীর অবগতির জন্য এ সম্পর্কিত নির্দেশনা সম্বলিত একটি পরিপত্র জারী করতে হবে। ব্যাংকের প্রধান কার্যালয় ও সকল শাখার নোটিশ বোর্ডে তা প্রদর্শন করতে হবে"।

পরিচালনা পর্ষদের অডিট কমিটির উক্ত নির্দেশনা বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।

খ) ব্যাংক সংশ্লিষ্ট বিষয়ে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সতর্কতা অবলম্বন প্রসঙ্গে ১০/০৯/২০২০ তারিখে জারীকৃত সার্কুলার সূত্র নং ৫৩.০৯.০০০০.৮১৮.১৮.০০০.২০.১৬৬৪ এর পরিপালন বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সচেতন করতে হবে।

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নকল্পে বেসিক ব্যাংক লিমিটেড এর জানুয়ারী-মার্চ, ২০২২ প্রান্তিকের 'নৈতিকতা কমিটি'র সভার কার্যবিবরণী।

গ) নিরবচ্ছিন্ন ও সুষ্ঠুভাবে ব্যাংকিং কার্যক্রম সম্পাদনে এবং দাপ্তরিক কর্মদিবসে শৃঙ্খলা নিশ্চিতকরণে সময়ানুবর্তীতা অপরিহার্য। ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারীকে যথাসময়ে কর্মস্থলে উপস্থিত হওয়ার জন্য এবং সেই সাথে বিনা অনুমতিতে অফিস সময়ে কর্মস্থল ত্যাগ না করার বিষয়টিতে সংশ্লিষ্ট সকলকে সচেতন করতে হবে।

ঘ) জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত গৃহিত অক্টোবর-ডিসেম্বর ২০২১ প্রান্তিকের কর্মপরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোটি ইতোমধ্যে ব্যাংকের ওয়েবসাইট (www.basicbanklimited.com) এবং ব্যাংকে ওয়েব পোর্টাল (https://portal.basicbanklimited.com/ SitePages/ Portal_Home.aspx) এ আপলোড করা হয়েছে এবং জানুয়ারী-মার্চ ২০২১ প্রান্তিকের কর্মপরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোটি যথাসময়ে আপলোড করতে হবে।

সর্বশেষে, নৈতিকতা কমিটির সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ফোকাল পয়েন্ট কর্মকর্তা, নৈতিকতা কমিটি

সভাপতি, নৈতিকতা কমিটি

# *বেসিক ব্যাংক লিমিটেড*

**প্রধান কার্যালয়, ঢাকা।**

**নভেম্বর ২৩, ২০২১ তারিখে অনুষ্ঠিত অডিট কমিটির ৯৪-তম সভার**
**কার্যবিবরণীর সারসংক্ষেপ**

আলোচ্যসূচি নম্বর- ০৬
স্মারক নম্বর-

বিষয়ঃ বিবিধ।

১। নামবিহীন/উড়ো চিঠির মাধ্যমে উত্থাপিত অভিযোগ বিবেচনাযোগ্য না হওয়া সমীচীন। ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারীর অবগতির জন্য এ সম্পর্কিত নির্দেশনা সম্বলিত একটি পরিপত্র জারী করতে হবে এবং ব্যাংকের প্রধান কার্যালয় ও সকল শাখার নোঠিশ বোর্ডে তা প্রদর্শন করতে হবে।

Company Secretary
BASIC Bank Limited
Head Office, Dhaka.

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

BASIC Bank Limited
(Bangladesh Small Industries and Commerce Bank Limited)
Head Office

বেসিক ব্যাংক লিমিটেড
(বাংলাদেশ স্মল ইন্ডাস্ট্রিজ এন্ড কমার্স ব্যাংক লিমিটেড)

মুজিব বর্ষ

ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

সূত্র নং- ৫৩.০৯.০০০০.৯৩১.১৮.০০০.২২.০০১৬
তারিখঃ জানুয়ারী ২৪, ২০২২

প্রতিঃ সকল সার্কেল/শাখা/বিভাগ/ইউনিট/সেল/অফিস –এর প্রধান, বেসিক ব্যাংক লিমিটেড।

**বিষয়ঃ নামবিহীন/উড়ো চিঠির মাধ্যমে উত্থাপিত অভিযোগ প্রসঙ্গে।**

সম্প্রতি ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে নামবিহীন/উড়োচিঠি প্রেরণের প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। অধিকাংশ ক্ষেত্রে ব্যক্তিগত আক্রমণ করে ভিত্তিহীন, অসত্য ও অপ্রয়োজনীয় তথ্য সম্বলিত উড়োচিঠিসমূহ অহেতুক ব্যবস্থাপনার সময় অপচয় করছে। এরূপ নাম বিহীন/উড়োচিঠি ব্যবস্থাপনার নিকট বিবেচনাযোগ্য নয়।

প্রসঙ্গত, ব্যাংকের কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে আগামীতে এরূপ নামবিহীন/উড়োচিঠি প্রেরণে কোন প্রকার সংশ্লিষ্টতা পাওয়া গেলে ব্যাংকের চাকুরি বিধিমালা মোতাবেক তাদের বিরুদ্ধে কঠোরতম শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

পরিচালনা পর্ষদের অডিট কমিটির ২৩/১১/২০২১ তারিখে অনুষ্ঠিত ৯৪-তম সভায় গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে পরিপত্রটি জারী করা হলো।

পরিপত্রটি ব্যাংকের প্রধান কার্যালয় ও সকল শাখার নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য ব্যাংক ব্যবস্থাপনার নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোঃ ইছমাইল
মহাব্যবস্থাপক, আইডি নং-১২০১
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের নিমিত্তে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১) একান্ত সচিব, মাননীয় চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ, বেসিক ব্যাংক লিমিটেড।
২) সহকারী একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও, বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
৩) একান্ত সচিব, সকল উপব্যবস্থাপনা পরিচালক, বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
৪) সকল মহাব্যবস্থাপক, বেসিক ব্যাংক লিমিটেড।

**BASIC Bank Limited**
(Bangladesh Small Industries and Commerce Bank Limited)
**Human Resources Division**
**Head Office**

বেসিক ব্যাংক লিমিটেড
(বাংলাদেশ স্মল ইন্ডাস্ট্রিজ এন্ড কমার্স ব্যাংক লিমিটেড)

সূত্র নং- ৫৩.০৯.০০০০.৮১৮.১৮.০০০.২০.১৬৬৪ তারিখঃ ১০ সেপ্টেম্বর, ২০২০

প্রতিঃ সকল শাখা/বিভাগ/ইউনিট/সেল/দপ্তর-প্রধান, বেসিক ব্যাংক লিমিটেড।

বিষয়ঃ **ব্যাংক সংশ্লিষ্ট বিষয়ে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সতর্কতা অবলম্বন প্রসঙ্গে।**

সাম্প্রতিক সময়ে বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে (ফেসবুক, টুইট্যার, মেসেঞ্জার, হোয়াটসএপ, ইনস্টাগ্রাম ইত্যাদি) অত্র ব্যাংকের কতিপয় কর্মকর্তা/ কর্মচারী এবং ব্যাংকের নাম ব্যবহার করে পরিচালিত বিভিন্ন সংগঠন/ পেইজ এর ব্যানারে/নামে ব্যাংকের অভ্যন্তরীণ সংবেদনশীল বিভিন্ন বিষয়, কর্তৃপক্ষের সিদ্ধান্ত, ব্যাংকের স্বার্থ পরিপন্থী বিভিন্ন অপেশাদারি মন্তব্য পোস্ট করছেন। এ সকল কর্মকান্ড ব্যাংকের স্বার্থ পরিপন্থী এবং ব্যাংকের চাকুরী বিধিমালা ও শৃঙ্খলার পরিপন্থী।

"বেসিক ব্যাংক লিমিটেড কর্মকর্তা/কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১৫" এর 'বর্জনীয় আচরণ ও কার্যকলাপ' সংক্রান্ত অনুচ্ছেদ এর নিম্নোক্ত উপ অনুচ্ছেদসমূহে এই মর্মে উল্লেখ আছে যে,
"

৭.২.২৫ অবৈধ সুবিধা প্রদানের মাধ্যমে বা যে কোন প্রকার তদবিরের মাধ্যমে বা ক্ষমতার অপব্যবহারের মাধ্যমে বা ইচ্ছাকৃতভাবে কোন কার্যকলাপ এর মাধ্যমে ব্যাংকের সুনামহানি বা ব্যাংকের অন্য যে কোন ক্ষতি করিতে পারিবেন না;

৭.২.২৬ যথাযথ কর্তৃপক্ষের যে কোন প্রকার সিদ্ধান্তের বিপরীতে জনসমক্ষে অস্বীকৃতি জানাইতে পারিবেন না এবং এতদ্ক্রান্ত বিষয়ে অন্যদের অনুপ্রাণিত বা প্রভাবিত করিতে পারিবেন না;

৭.২.৩১ যে কোন মাধ্যমে (যেমনঃ সভা, সংবাদ সম্মেলন, প্রিন্ট মিডিয়া, ইলেক্ট্রনিক মিডিয়া, সোশ্যাল/অনলাইন নেটওয়ার্ক, মোবাইল প্রযুক্তি, ওয়েব সাইট/পোর্টাল) রাষ্ট্র/ব্যাংকের স্বার্থ পরিপন্থী কোন প্রকার বক্তব্য প্রদান করিতে পারিবেন না;

৭.২.৩৬ ব্যাংকের স্বার্থের পরিপন্থী কোন কার্যকলাপে প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে নিজেকে জড়িত করিবেন না বা অন্য কোন কর্মকর্তা/কর্মচারীকে এই মর্মে উৎসাহিত করিবেন না;
"

এমতাবস্থায়, ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারীকে সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাংক সংশ্লিষ্ট বিষয় প্রকাশের ক্ষেত্রে সংবেদনশীল এবং দায়িত্বশীল আচরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। পাশাপাশি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীরেকে নিজ নামে বা ব্যাংকের নাম এবং লগো ব্যবহার/সংযোজন করে ফেসবুকসহ অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যমে কোন পেইজ/ফোরাম/গ্রুপ খুলে সেখানে ব্যাংকের অভ্যন্তরীণ ও স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে কন্টেন্ট (মন্তব্য/ ভিডিও/ স্থিরচিত্র) প্রকাশ বা প্রচারে বিরত থাকার জন্য সকল কর্মকর্তা/কর্মচারীকে নির্দেশ প্রদান করা হলো।

এরপরও কোন কর্মকর্তা/কর্মচারী ব্যাংকের স্বার্থ পরিপন্থী, কর্তৃপক্ষের সিদ্ধান্তকে অসম্মতি জানিয়ে অথবা কটাক্ষ করে সামাজিক যোগাযোগ মাধ্যমে কোন পোস্ট দেন বা শেয়ার করেন তাহলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে ব্যাংকের চাকুরী বিধিমালার আওতায় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

নূরুর রহমান চৌধুরী
উপ মহাব্যবস্থাপক
মানব সম্পদ বিভাগ

আহম্মদ হোসেন
মহাব্যবস্থাপক
মানব সম্পদ বিভাগ

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

(১) একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক, বেসিক ব্যাংক লিমিটেড।
(২) সকল মহাব্যবস্থাপক, বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।



Sena Kalyan Bhaban (6th Floor), 195 Motijheel Commercial Area, Dhaka-1000, Bangladesh. **Phone :** 9568190, 9564830, 9556616, 9590548-49
**Fax :** 88-02-9568173, **SWIFT :** BKSIBDDH, **E-mail :** basichrd@basicbanklimited.com, **Web Site :** www.basicbanklimited.com

দিবসে বেসিক ব্যাংকের গভীর শ্রদ্ধা   বেসিক ব্যাংকের চারটি উপশাখা উদ্বোধন   মহান বিজয় দিবসে জাতীয় স্মৃতিসৌধে বেসিক ব্যাংকের শ্র

# জাতীয় শুদ্ধাচার কৌশল

- জাতীয় শুদ্ধাচার কৌশল বই (৮.৪১ মেগাবাইট)- **Click Here**
- শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০২০-২০২১ (১০.৬ মেগাবাইট) - **Click Here**
- শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০২১-২০২২ (১.০০ মেগাবাইট) - **Click Here**

BASIC Bank Limited
A STATE OWNED SCHEDULED BANK


## প্রধান কার্যালয়

সেনাকল্যান ভবন (৬ষ্ঠ তলা) ১৯৫ মতিঝিল সি/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ

**(+৮৮০২) ৯৫৬৮১৯০, ৯৫৯০৫৪৮, ৯৫৯১০০২**
পিএবিএক্স রেঞ্জ

**(+৮৮০২) ৯৫৬৪৮২৯**
ফ্যাক্স

**basicho@basicbanklimited.com**
ইমেইল



## রিটেইল পণ্য

আমানত পণ্যসমূহ

লোন পণ্য

ক্রেডিট কার্ড

ডেবিট কার্ড

## এসএমই পণ্য

এসএমই ঋণ পণ্য

এসএমই আমানত পণ্য

## কর্পোরেট পণ্য

কর্পোরেট আমানত পণ্যসমূহ

কর্পোরেট ঋণ পণ্যসমূহ

## সুদের হার এবং চার্জ